

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শুংখলা-১ শাখা

www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১১১.২০১২-১০৬৭

তারিখঃ ১১.২০১২ খ্রিষ্টাব্দ


আদেশ

যেহেতু, ডাঃ ইভা রানী নন্দী (কোড নং ১২২১৩৪), মেডিকেল অফিসার, স্কুল হেলথ ক্লিনিক, শেরেবাংলানগর, ঢাকা (প্রাক্তন মেডিকেল অফিসার, (জুনিয়র কনসালট্যান্ট ইএনটি পদের বিপরীতে), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, পাংশা, রাজবাড়ী)-এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির' দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শনো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শনো নোটিশের জবাব প্রদান করেন এবং ১৩.১১.২০১২ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, তিনি ব্যক্তিগত শুনানীর সময় জানান, তাঁর শশুর হঠাৎ অসুস্থ হওয়ায় তিনি কর্তৃপক্ষের মৌখিক অনুমতি নিয়ে কর্মস্থল ত্যাগ করেন এবং শশুরের চিকিৎসা ও পরবর্তীতে মৃত্যু এবং সাংসারিক অন্যান্য কারণে তিনি উক্ত সময়ে কর্মস্থলে অনুপস্থিত থাকেন। তিনি কর্মস্থলে অনুপস্থিত থাকায় অপরাধ স্বীকার করেন এবং ক্ষমা প্রার্থনা পূর্বক ভবিষ্যতে এ ধরনের আচরণ হতে বিরত থাকবেন মর্মে জানান;

এক্ষণে, সেহেতু, ডাঃ ইভা রানী নন্দী (কোড নং ১২২১৩৪), মেডিকেল অফিসার, স্কুল হেলথ ক্লিনিক, শেরেবাংলানগর, ঢাকা (প্রাক্তন মেডিকেল অফিসার, (জুনিয়র কনসালট্যান্ট ইএনটি পদের বিপরীতে), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, পাংশা, রাজবাড়ী) এর বিরুদ্ধে অনীত অভিযোগ, কারণ-দর্শনো নোটিশের জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনা করে তাঁর ভুলের জন্য দুঃখ প্রকাশ ও ক্ষমা প্রার্থনা করায় নবীন কর্মকর্তা হিসেবে তাঁকে সরকারী কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(এ) বিধিমাতে 'তিরস্কার' শাস্তি আরোপ করা হলো।


(এ. এম. বদরুদ্দোজা)
অতিরিক্ত সচিব

উপ-নিয়ন্ত্রক

বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১১১.২০১২-১০৬৭/১০৬৭

তারিখঃ ১১.২০১২ খ্রিষ্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৩। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
- ৪। উপ-পরিচালক (শুংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৫। উপ-সচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৬। সিভিল সার্জন, ঢাকা
- ৭। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
- ৮। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৯। ডাঃ ইভা রানী নন্দী (কোড নং ১২২১৩৪), মেডিকেল অফিসার, স্কুল হেলথ ক্লিনিক, শেরেবাংলানগর, ঢাকা

(মোঃ সাইদুর রহমান)

সিনিয়র সহকারী সচিব

ফোনঃ ৯৫৪০২৫২

sasdisc1@mohfw.gov.bd